



শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৮-১৯/১৭৫৯

তারিখঃ ২৩/০৫/২০১৯ খ্রিঃ

মহাব্যবস্থাপক, সঞ্চাল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
উপ-মহাব্যবস্থাপক, রূপোরোট শাখাসমূহ
সঞ্চাল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
সঞ্চাল শাখা ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ছুটিকালীন সময়ে ব্যাংকের নিরাপত্তা জোরদারকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,


আগামী ৫ জুন ২০১৯ তারিখে (চাঁদ দেখার উপর নির্ভরশীল) পবিত্র ঈদ-উল-ফিতর উদযাপিত হবে। জুম্মাতুল বিদা, শব-ই-কুদর ও পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটিসহ সাপ্তাহিক ছুটির কারণে ব্যাংক দীর্ঘ সময় বন্ধ থাকবে। ঐ সময় শাখা/কার্যালয়ের প্রহরী ব্যতীত অধিকাংশ কর্মকর্তা/কর্মচারী ছুটিতে থাকবেন। উক্ত ছুটিকালীন সময় ব্যাংক বন্ধ থাকার কারণে যাতে কোনধরনের অঘটন/দুর্ঘটনা সংঘটিত না হয় সে লক্ষ্যে শাখা/কার্যালয়ের পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০২। সঞ্চাল শাখা/কার্যালয়ের দিবা-রাত্রি নিরাপত্তা আরও জোরদার করার লক্ষ্যে শাখা ব্যবস্থাপকসহ সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে নিম্নোক্ত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলোঃ

- ২.১) জুম্মাতুল বিদা, শব-ই-কুদর ও পবিত্র ঈদ-উল-ফিতর এর ছুটিসহ সাপ্তাহিক ছুটিকালীন সময় দিনরাত ২৪ ঘণ্টা শাখা/কার্যালয়ের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
- ২.২) প্রহরী ব্যতীত শাখার অভ্যন্তরে অন্যকোন পরিচিত ব্যক্তি বা আত্মীয় অবস্থান করতে পারবেন না। তাছাড়া, ছুটিকালীন সময়ে প্রহরী কোন অবস্থায়ই ব্যাংকের দরজা খোলা রেখে নিকট কিংবা দূরে কোথাও যেতে পারবেন না;
- ২.৩) ব্যাংকের নিরাপত্তাঘন্টা এবং সিসিটিভি (যদি থাকে) সার্বক্ষণিকভাবে সচল রাখতে হবে;
- ২.৪) ছুটিকালীন সময়ে শাখার ডল্ট লিমিটির মধ্যে যতটা সম্ভব কম টাকা রাখতে হবে;
- ২.৫) এ সময় শাখা/কার্যালয়ের সঞ্চাল দরজা/জানালা যথাযথভাবে বন্ধ রাখতে হবে এবং রাতে শাখা/কার্যালয়ের অভ্যন্তরে ও বাহিরে Security Light জ্বালিয়ে রাখতে হবে;
- ২.৬) উপরোক্ত নিরাপত্তা নির্দেশনা যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা তা শাখা ব্যবস্থাপক/দ্বিতীয় কর্মকর্তা/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শাখা/কার্যালয় পরিদর্শন করে নিরাপত্তা নিবিড় তদারকি করবেন এবং সে বিষয়ে শাখা/কার্যালয়ের নিরাপত্তা রেজিস্টারে মন্তব্য লিখে স্বাক্ষর করতঃ তা কার্যালয়ে সংরক্ষণ করবেন।
- ২.৭) শাখা/কার্যালয়ে নিরাপত্তার বিষয়ে কোন কর্মকর্তা/কর্মচারীর গাফিলতির কারণে কোন ধরনের অঘটন/দুর্ঘটনা সংঘটিত হলে তার দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহের উপর বর্তাবে।

০৩। এমতাবস্থায়, শাখা/কার্যালয়ের নিরাপত্তাবিধানের সুবিধার্থে নিকটবর্তী/আওতাধীন থানা/পুলিশ ফাঁড়ির ফোন নম্বর সংরক্ষণ, প্রয়োজনে ব্যবহারের জন্য তা প্রহরীরকে সরবরাহ করে প্রহরী/গার্ডের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষার মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।


অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
তারিখঃ ২৩/০৫/২০১৯ খ্রিঃ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৮-১৯/১৭৫৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সঞ্চাল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কমপ্লেক্স, ঢাকা।
- ০৪। সচিব/সঞ্চাল উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি ওয়েব-সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সঞ্চাল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সঞ্চাল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।


(মুহাম্মদ মনিরুল ইসলাম)
সহকারী মহাব্যবস্থাপক